**বিশেষ বাহক মারফত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.১৭.১১৮ তারিখ: ২৭ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রি./১৫ ফাল্গুন ১৪২৪ ব.।

বিষয় : **চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা, আংশিক সিটি কর্পোরেশন এবং সংরক্ষিত মহিলা আসনভিত্তিক মাননীয় সংসদ সদস্যদের অনুকুলে ২য় পর্যায়ে খাদ্যশস্য (চাল) বরাদ্দ প্রদান।**

উপর্যুক্ত বিষয়ে চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা (সম্পূর্ণ সিটি কর্পোরেশনভুক্ত এলাকা যথাক্রমে-রাজশাহী-২, খুলনা-২, খুলনা-৩, ঢাকা-৬, ঢাকা-৭, ঢাকা-৮, ঢাকা-১০, ঢাকা-১২, ঢাকা-১৩, ঢাকা-১৫, ঢাকা-১৬, ঢাকা-১৭, গাজীপুর-২, চট্টগ্রাম-৯, চট্টগ্রাম-১০, চট্টগ্রাম-১১, ঢাকা-৪, ঢাকা-৫, ঢাকা-৯, ঢাকা-১১, ঢাকা-১৪, ঢাকা-১৮ মোট ২২টি আসন ব্যতীত), ৮টি আংশিক সিটি কর্পোরেশনভুক্ত এলাকা যথাক্রমে রংপুর-৩, বরিশাল-৫, গাজীপুর-১, গাজীপুর-৫, সিলেট-১, চট্টগ্রাম-৪, চট্টগ্রাম-৫ ও চট্টগ্রাম-৮ এবং সংরক্ষিত মহিলা আসনে (৫০টি) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত বিভাজন ও শর্ত সাপেক্ষে **মোট ৩৩৫,০২,২৬,০৭২.৮৪ টাকার ৫০% ১৬৭,৫১,১৩,০৩৬.৪২ টাকায় প্রতি মে. টন ৩৯,১০১.৩৪৬ টাকা হিসেবে ৪২,৮৪০.২৯০৮ (বিয়াল্লিশ হাজার আটশত চল্লিশ দশমিক দুই নয় শূন্য আট)** মে.টন খাদ্যশস্য (চাল) **২য় পর্যায়ে** বরাদ্দ প্রদানের নিমিত্ত মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর নির্দেশক্রমে ছাড় করা হলো। এই বরাদ্দ বাজেট কোড **৪৯০১-৫০১০** হতে নির্বাহের জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক | বরাদ্দের খাত | মোট বরাদ্দ (টাকা) | মোট বরাদ্দের ৫০% (চাল) |
|---|---|---|---|
| ১. | ২৭০টি নির্বাচনী এলাকা | ৩১১,২০,১৯,১৩৮.৭৬ | ৩৯,৭৯৪.২৭১ মে.টন |
| ২. | আংশিক সিটি কর্পোরেশন-০৮টি | ৪,৬১,০৬,৯৮৭.২৪ | ৫৮৯.৫৮৩ মে.টন |
| ৩. | সংরক্ষিত মহিলা আসন (৫০টি) | ১৯,২০,৯৯,৯৪৬.৮৪ | ২,৪৫৬.৪৩৬ মে.টন |
| | সর্বমোট: | ৩৩৫,০২,২৬,০৭২.৮৪ | ৪২,৮৪০.২৯০৮ মে.টন |

**শর্তসমূহঃ**

(১) এ মন্ত্রণালয়ের **২য় কিস্তির** বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা কাবিখা কর্মসূচির নির্দেশিকা অনুসরণ করে সত্বর জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করতে হবে;

(২) সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের অনুকুলে উপ-বরাদ্দ প্রদান করতে হবে;

(৩) এ কর্মসূচির বিপরীতে প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন **আগামী ৩১/০৫/২০১৮ খ্রি.** তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;

(৪) এ কর্মসূচির খাদ্যশস্য (চাল) ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধান ও কাবিখা নির্দেশিকায় বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(৫) এ কর্মসূচির প্রকল্প গ্রহণ /বাছাই কাবিখা কর্মসূচির নির্দেশিকা ৪ নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(৬) জেলা কর্ণধার কমিটির অনুমোদনকৃত প্রকল্পের অনুকূলে খাদ্যশস্য (চাল) ছাড়করণের জন্য জেলা প্রশাসকগণের প্রতিবেদন অনুসারে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর মূল বরাদ্দ প্রদান করবে;

(৭) সংরক্ষিত আসনের মাননীয় মহিলা সংসদ সদস্যদের অনুকূলে বরাদ্দকৃত খাদ্যশস্য (চাল) ব্যবহারের লক্ষ্যে তাঁর সংরক্ষিত আসনের অনুকূলে জেলা/ উপজেলাওয়ারী বিভাজন সংগ্রহ করে তা সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের বরাবর এবং নির্বাচনী এলাকাভিত্তিক বরাদ্দ সকল জেলা প্রশাসকদের অনুকুলে উপ-বরাদ্দ প্রদান করতে হবে।

(৮) প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফ্‌টকপি সিডি আকারে সংরক্ষণ করা যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করা।

(৯) নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত খাদ্যশস্য ফেরৎ নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা।

(১০) প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারী কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করা।

(১১) বরাদ্দ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষাঙ্গিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য (চাল) যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করা।

(১২) নতুনভাবে তৈরিকৃত/ সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগের পরামর্শক্রমে তালগাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভূক্ত করতে হবে।

(১৩) কোন প্রকল্প ভূয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত/ আইন বিধির আওতায় আনা।

**স্বাক্ষরিত/-**
**(এ কে এম টিপু সুলতান)**
যুগ্মসচিব (ত্রাক-২)
ফোনঃ ৯৫৪০১৪৩।
dsreliefprog2@modmr.gov.bd

**মহাপরিচালক**
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

অপর পাতা দ্র:

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.১৭.১১৮/১(  )

তারিখ: ২৭ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রি./১৫ ফাল্গুন ১৪২৪ ব.।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় সংসদ সদস্য,......................., বাংলাদেশ জাতীয় সংসদ, জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ১৬, নবাব আব্দুল গণি রোড,ঢাকা।
৬। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৭। জেলা প্রশাসক, ---------------------------------------------------------------(সকল)।
৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৯। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
১১। সিষ্টেম এনালিষ্ট, আই.সি.টি. সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং ই-মেইলে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণের জন্য) ।
১২। অতিঃ সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিঃ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৭/২/১৮

**(এ কে এম টিপু সুলতান)**
যুগ্মসচিব (ত্রাক-২)
ফোনঃ ৯৫৪০১৪৩।